দৈনিক
ইত্তেফাক

তারিখ 15 SEP 2017
পৃষ্ঠা ২০ কলাম ৬

# মেডিক্যালে ভর্তি পরীক্ষা নিয়ে হাইকোর্টের আদেশ ৩ অক্টোবর পর্যন্ত স্থগিত

■ ইত্তেফাক রিপোর্ট

চলতি শিক্ষাবর্ষে এমবিবিএস ভর্তি পরীক্ষায় দ্বিতীয়বার অংশ নেওয়া পরীক্ষার্থীদের ৫ নম্বর কর্তনের সিদ্ধান্ত স্থগিত করে হাইকোর্টের দেওয়া আদেশ ৩ অক্টোবর পর্যন্ত স্থগিত করা হয়েছে। রাষ্ট্রপক্ষের আবেদনের পরিপ্রেক্ষিতে আপিল বিভাগের অবকাশকালীন চেম্বার আদালতের বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকী গতকাল বৃহস্পতিবার এই আদেশ দেন। একইসঙ্গে হাইকোর্টের আদেশের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষের ওই আবেদনটি শুনানির জন্য আপিল বিভাগের নিয়মিত বেঞ্চে পাঠিয়ে দেওয়া হয়েছে। আগামী ৩ অক্টোবর প্রধান বিচারপতির নেতৃত্বাধীন বেঞ্চে এই আবেদনের ওপর শুনানি অনুষ্ঠিত হবে। গত ১২ সেপ্টেম্বর বিচারপতি এম. ইনায়েতুর রহিমের নেতৃত্বাধীন হাইকোর্টের ডিভিশন বেঞ্চ মেডিক্যাল ভর্তি পরীক্ষায় দ্বিতীয়বার অংশ নেওয়া পরীক্ষার্থীদের প্রাপ্ত নম্বর থেকে ৫ নম্বর কর্তনের সিদ্ধান্ত স্থগিত করে দেয়। ওই আদেশ স্থগিত চেয়ে আবেদন করে রাষ্ট্রপক্ষ। গতকাল আবেদনের পক্ষে অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম শুনানি করেন। শুনানি শেষে চেম্বার আদালত হাইকোর্টের আদেশ স্থগিত করে দেয়।

চলতি শিক্ষাবর্ষে (২০১৭-২০১৮) এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তির লক্ষ্যে গত ২১ আগস্ট পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে স্বাস্থ্য অধিদপ্তর। ওই বিজ্ঞপ্তিতে বলা হয়, ওই শিক্ষাবর্ষে এমবিবিএস বা বিডিএস ভর্তি পরীক্ষায় দ্বিতীয়বার অংশ নেওয়া পরীক্ষার্থীদের সর্বমোট নম্বর থেকে ৫ নম্বর কর্তন করে মেধাতালিকা প্রস্তুত করা হবে। নম্বর কর্তনের এই সিদ্ধান্তের বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট করেন আইনজীবী ইউনূস আলী আকন্দ। তিনি বলেন, এই স্থগিতাদেশ বহাল থাকবে কিনা তা নিয়মিত বেঞ্চে শুনানির পর জানা যাবে।